

Class – 3

Subject – 2nd Language Bengali

Chapter – অনুচ্ছেদ (Paragraph)

আজ আমরা দুটি বিষয়ের ওপর অনুচ্ছেদ বা Paragraph লিখব।

1. গৃহপালিত পশু বিষয়ক
যেমন – কুকুর
2. জাতীয় বিষয়ক
যেমন – ভারতের জাতীয় ফুল পদ্ম

কুকুর

গৃহপালিত প্রাণীদের মধ্যে কুকুর বিশেষ পরিচিত। কুকুর প্রভুভক্ত এবং চতুষ্পদ প্রাণী। এদের চারটি পা, দুটি কান, দুটি চোখ এবং একটি লেজ থাকে। এদের সারা শরীর লোমে ঢাকা থাকে। কুকুরের দাঁত বেশ তীক্ষ্ণ এবং বিষাক্ত হয়। এরা সাধারণত ১২ থেকে ১৪ বছর বাঁচে। কুকুর মাংস খেতে খুবই পছন্দ করে। তবে ভাত, রুটি, দুধ, বিস্কুট ইত্যাদি সবই খায়। কুকুর থাকলে কোনো অপরিচিত লোক বাড়িতে ঢুকতে পারে না। পোষা কুকুর রাত জেগে প্রভুর বাড়ি পাহাড়া দেয়। কুকুরের ঘ্রাণশক্তি প্রবল। পুলিশ বিভাগে অপরাধী ধরার জন্য কুকুরকে কাজে লাগানো হয়।

ভারতের জাতীয় ফুল পদ্ম

পদ্ম হল আমাদের দেশের জাতীয় ফুল। পদ্ম তার রং বাহার ও গন্ধের বিশেষত্বের জন্যই জাতীয় ফুলের মর্যাদা পেয়েছে। পদ্ম ফুল গাছ জলে ও স্থলে দুই জায়গায় জন্মায়। জলপদ্ম ফুল গাছের গোড়া জলের নিচে পাকের মধ্যে থাকে। পাক জন্মায় বলে পদ্মের আর এক নাম পঙ্কজ। পদ্মের কাণ্ডকে মৃগাল বলা হয়। পদ্মের পাতা বেশ বড়ো ও গোলাকার হয়। পদ্ম ফুলে ১০০টি পাপড়ি থাকার জন্য পদ্মের আর এক নাম শতদল। সাদা, গোলাপী রঙের পদ্ম পাওয়া যায়। পদ্ম হল শরৎ কালের ফুল। দুর্গাপূজায় পদ্মের প্রয়োজন হয়। আমাদের দেশে জ্ঞানী ও গুণী মানুষদের সম্মান জানাতে যেসব উপাধি ব্যবহার করা হয় সেই উপাধি গুলোর সঙ্গে পদ্মের নামটি জড়িয়ে থাকে, যেমন – পদ্মভূষণ, পদ্মশ্রী।

Work Sheet

1. গৃহপালিত পশু বিষয়ক একটি অনুচ্ছেদ লেখো:-
যেমন – গোরু
2. জাতীয় বিষয়ক একটি অনুচ্ছেদ লেখো:-
যেমন – ভারতের জাতীয় পাখি ময়ূর
